

দৈনিক ইত্তেহাদ

২৮ জুন, ২০১০

দুদার - ০৬

ফোন নং - ৬৭৬.২৪২২৭

## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে জাতিসংঘ রেফারেন্স কর্নার

জাতিসংঘ তথ্য কেন্দ্রের (ইউএনআইসি) সহায়তায় রাজধানীর ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে একটি রেফারেন্স কর্নার খোলা হয়েছে। জাতিসংঘ প্রধান কার্যালয় ও জাতিসংঘের স্থানীয় প্রকাশনাসমূহ নিয়ে গঠিত বৃহৎ ইউনিভার্সিটির লাইব্রেরি সেকশনে এই কর্নার খোলা হয়েছে। এদিকে একইদিন ইউনিভার্সিটির ছাত্র-ছাত্রীদের জন্য সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহের উপর একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এতে ইউএনআইসি'র ভারপ্রাপ্ত প্রধান কাজী আলী রেজা বক্তব্য রাখেন। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভিসি প্রফেসর মোহাম্মদ শরীফ অনুষ্ঠান উদ্বোধন করেন। এ উপলক্ষে ইউনিভার্সিটির লাইব্রেরিয়ান দিলারা বেগম ও ইউএনআইসি রেফারেন্স লাইব্রেরিয়ান এম মনিরুজ্জামানও বক্তৃতা করেন। -প্রেস বিজ্ঞপ্তি

